তারিখ ... 12 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২০ কলাম ... ৬ ......

দৈনিক
ইত্তেফাক

# ৪৭৩৪ স্কুলে শতভাগ পাস, ৫৩ স্কুলে সবাই ফেল

■ ইত্তেফাক রিপোর্ট

এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় শূন্য পাস শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৬টি বেড়েছে। শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা ৩৬১টি কমেছে। এবার ৫৩ স্কুলের কেউ পাস করতে পারেনি। গত বছর শূন্য পাস প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৪৭টি। এবার শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা ৪ হাজার ৭৩৪টি। গত বছর ৫ হাজার ৯৫টি প্রতিষ্ঠানের শতভাগ পাস করেছিল।

গত কয়েক বছরের মতো এবারো আট বোর্ডের মধ্যে শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা রাজশাহী বোর্ডে সর্বোচ্চ। এ বোর্ডে শতভাগ পাস প্রতিষ্ঠান ৮০০টি। পরের অবস্থানে রয়েছে ঢাকা বোর্ড। এ বোর্ডে ৫৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানের সবাই পাস করেছে। এছাড়া শতভাগ পৃষ্ঠা ২ কলাম ৩

## ৪৭৩৪ স্কুলে

২০ পৃষ্ঠার পর

পাস বিদ্যালয়ের সংখ্যা যশোর বোর্ডে ৩৫৭, কুমিল্লা বোর্ডে ১১৯, চট্টগ্রাম বোর্ডে ৮৮, বরিশাল বোর্ডে ৭৯, সিলেট বোর্ডে ৬২ ও দিনাজপুর বোর্ডে ২৬৯টি।

এছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২ হাজার ১৩৪ প্রতিষ্ঠানের সবাই পাস করেছে। কারিগরি শিক্ষাবোর্ডে শতভাগ পাস বিদ্যালয়ের সংখ্যা ২৬৯টি। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় শূন্য পাস প্রতিষ্ঠানের মধ্যে ঢাকা, কুমিল্লা ও যশোর বোর্ডে ৩টি করে বিদ্যালয় রয়েছে। রাজশাহী, বরিশাল ও দিনাজপুর বোর্ডে ২টি করে এবং সিলেট বোর্ডে একটি শিক্ষা প্রতিষ্ঠানে কেউ পাস করতে পারেনি। মাদ্রাসা বোর্ডের ৩৭টি শিক্ষা প্রতিষ্ঠানের কেউ পাস করতে পারেনি। কারিগরি বোর্ডে কোনো শূন্য পাস প্রতিষ্ঠান নেই।